দৈনিক
ইত্তেফাক

তারিখ 29 JAN 203
পৃষ্ঠা ... কলাম ...

ভার্সিটি শিক্ষকদের প্রতি প্রধানমন্ত্রী

# শিক্ষার পরিবেশ উন্নয়নে কাজ করুন

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতি দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠে শিক্ষার পরিবেশ আরো উন্নয়নে নিজ নিজ অবস্থান থেকে আন্তরিকভাবে কাজ করে যাওয়ার আহবান জানিয়েছেন। ভাইস-চ্যান্সেলর অধ্যাপক এস এম এ ফায়েজের নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটি প্রতিনিধিদল (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি শিক্ষকদের প্রতি প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

গতকাল মঙ্গলবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহবান জানান। বৈঠকে শিক্ষকদের বিভিন্ন দাবির প্রেক্ষিতে বেগম জিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের বিদ্যমান সমস্যাবলী নিরসনে কয়েকটি পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন যে, ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিরাজ করলে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের জন্য উন্নয়ন সহায়তা পাওয়া সহজতর হবে। মানসম্পন্ন শিক্ষা প্রদান করা হলে বিদেশী উন্নয়ন অংশীদাররাও ঢাকা বিশ্ববিদ্যালয়কে সাহায্য প্রদানে আগ্রহী হবে।

প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে ছিলেন- প্রো-ভিসি অধ্যাপক এএফএম ইউসুফ হায়দার, কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রশিদুল হাসান, প্রক্টর এ এস এম আতিকুর রহমান এবং বিভিন্ন অনুষদের ডীন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও আবাসিক হলসমূহের প্রভোস্টগণ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নব-নির্বাচিত কর্মকর্তাবৃন্দ ও সিনিয়র অধ্যাপকগণ। শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন, শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু এবং প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী ও এম মোসাদ্দেক আলী বৈঠকে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ দেশের বিধ্বস্ত অর্থনীতি পুনরুজ্জীবিত, দারিদ্র্য বিমোচন, আইন-শৃংখলার উন্নতি, শিক্ষার মান উন্নয়ন এবং ঢাকা মহানগরীর পরিবেশ উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান। প্রতিনিধিদল ঢাকা বিশ্ববিদ্যালয়ে উচ্চতর গবেষণার সুযোগ সৃষ্টির প্রয়োজনীয়তা, আবাসিক ও চিকিৎসা সমস্যার প্রতি প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।

### নায়েম-এর নয়া ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীর (নায়েম) নতুন ছয়তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তৃতাকালে বলেন, শিক্ষা বিস্তার ও উন্নয়নে শিক্ষকদেরকেই মুখ্য ভূমিকা পালন করতে হবে। শিক্ষকগণ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে শিক্ষাদান না করলে সব উদ্যোগ-আয়োজন অর্থহীন হয়ে পড়বে। ছাত্র-ছাত্রীদের আরো আন্তরিকতা ও নিষ্ঠায় পাঠদানের আহ্বান জানান। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক শিক্ষাখাত প্রকল্পের আওতায় এডিবি'র সহায়তায় এ ভবন নির্মিত হচ্ছে। এর আনুমানিক ব্যয় তিন কোটি টাকা।

প্রধানমন্ত্রী জানান, শিক্ষকদের যুগোপযোগী প্রশিক্ষণের পাশাপাশি শিক্ষকতা পেশায় মেধাবীদের আকৃষ্ট করার পদক্ষেপ নেওয়া হবে। ১৯৯৫-৯৬ সালে উচ্চ মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় কুমিল্লা, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা ও বরিশালে ৫টি উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটকে আরো কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। এ অনুষ্ঠানে মন্ত্রী, পদস্থ সরকারি কর্মকর্তা, শিক্ষাবিদ ও দাতা সংস্থাসমূহের প্রতিনিধিরা যোগ দেন। এতে অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক ও এশীয় উন্নয়ন ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর তরু শিবুকি বক্তৃতা করেন।